দৈনিক সংবাদ

তারিখ 09 APR 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

203

স্পীকারের কাছে ছাত্রঐক্যের স্মারকলিপি

# এরশাদের বিচারসহ ১০ দফা পূরণের দাবী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

অবিলম্বে স্বৈরাচারী এরশাদ ও তার সহযোগীদের বিচার, সার্বভৌম সংসদ প্রতিষ্ঠা, ১ লাখ ৩৫ হাজার শূন্যপদে নিয়োগদান ও গণমুখী শিক্ষাব্যবস্থা কায়েমসহ ১০ দফা দাবীতে, সর্বদলীয় ছাত্রঐক্য গতকাল সোমবার জাতীয় সংসদের স্পীকারের কাছে স্মারকলিপি প্রদান করে।

এ উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। ডাকসু ভবনের সামনে আয়োজিত সমাবেশে ছাত্রনেতা নূর আহমেদ বকুল বক্তব্য রাখেন।

সমাবেশে তিনি বলেন, স্বৈরাচার পতনের পর বিভিন্নভাবে স্বৈরাচারের দোসরদের আশ্রয় দেয়া হয়েছে। এমন কি স্বৈরাচারী ব্যবস্থাকেও টিকিয়ে রাখার চক্রান্ত চলছে।

তিনি জাতীয় সংসদের উদ্বোধনী অধিবেশনে পঠিত শোক প্রস্তাবে

ছাত্রঐক্য : পৃঃ ৮ কঃ ৩

## ছাত্রঐক্য : স্মারকলিপি

(১ম পাতার পর)

জামাত-শিবির চক্রের নিহত সন্ত্রাসী-দের নাম অন্তর্ভুক্ত করায় এবং জামাত-শিবিরের হাতে নৃশংসভাবে নিহত জামিল আখতার রতন, তপন, জুয়েল, শাহাদাত, জাহাঙ্গীর, নতুনসহ অসংখ্য শহীদের নাম শোক প্রস্তাবে অন্তর্ভুক্ত না করার তীব্র প্রতিবাদ জানান।

তিনি বলেন, দীর্ঘ ৯ বছর ধরে যে স্বপ্ন নিয়ে এ দেশের জনগণ লড়াই, সংগ্রাম এবং আত্মত্যাগের মাধ্যমে স্বৈরাচারের বিরুদ্ধে বিজয় অর্জন করেছে নবনির্বাচিত সংসদ সদস্যদের সে স্বপ্ন বাস্তবায়নে কাজ করতে হবে।

তিনি অবিলম্বে ছাত্র সমাজের ১০ দফা দাবী বাস্তবায়নের জন্য সংসদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, অতীতে এদেশের ছাত্র সমাজ বার বার রক্ত দিয়েও তাদের দাবী আদায় করতে পারেনি। কাজেই দাবী পূরণ না হওয়া পর্যন্ত এবার আমরা ঘরে ফিরে যাব না। তিনি সম্প্রতি চাকরির বয়সসীমা ৩০ বছর করায় সরকারী সিদ্ধান্তকে অভিনন্দন জানান।

সমাবেশশেষে ছাত্রনেতৃবৃন্দের একটি প্রতিনিধিদল সংসদ ভবনে যান এবং স্পীকারের কাছে স্মারকলিপি প্রদান করেন।